তারিখ ··· 19 FEB 2015 —
পৃষ্ঠা – 20 কলাম – 6

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd

স্মারক নং: ২০ | তারিখ: ১৮/০২/২০১৫

## বিজ্ঞপ্তি

### বিষয় : সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ২০১৫

দেশব্যাপী সৃজনশীল মেধা অন্বেষণের লক্ষ্যে সরকার একটি সমন্বিত কর্মসূচি গ্রহণ করেছে। এ উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয় দেশব্যাপী নিম্নোক্ত ৩টি গ্রুপে ও ৪টি বিষয়ে ৬ষ্ঠ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের অংশগ্রহণে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে :

| ক্রমিক নং | গ্রুপ | বিষয় | | | | সেরা মেধাবী |
|---|---|---|---|---|---|---|
| | | ভাষা ও সাহিত্য | বিজ্ঞান | গণিত ও কম্পিউটার | বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ | |
| ১. | ৬ষ্ঠ- ৮ম শ্রেণি | ১ | ১ | ১ | ১ | ৪ |
| ২. | ৯ম-১০ম শ্রেণি | ১ | ১ | ১ | ১ | ৪ |
| ৩. | একাদশ-দ্বাদশ শ্রেণি | ১ | ১ | ১ | ১ | ৪ |
| | | | | | মোট = | ১২ |

বাংলাদেশের সকল উপজেলার স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। প্রত্যেকটি শিক্ষাপ্রতিষ্ঠান নিজস্ব ব্যবস্থাপনায় আগামী ২৫/০২/২০১৫ ও ২৬/০২/২০১৫ তারিখ স্ব-স্ব শিক্ষাপ্রতিষ্ঠানে সকল শিক্ষার্থী নিয়ে এ প্রতিযোগিতার আয়োজন করবে এবং ২৬/০২/২০১৫ তারিখে নির্ধারিত আবেদনপত্র পূরণ করে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর প্রেরণ করবে। বর্ণিত ৩টি গ্রুপে ও ৪টি বিষয়ে উপজেলা পর্যায়ে নির্বাচিত সেরা ১২ জন জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবে। প্রতিটি জেলা হতে ৩টি গ্রুপে ৪টি বিষয়ে মোট ১২ জন করে বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণ করবে। প্রতিটি বিভাগ হতে ৩টি গ্রুপে ও ৪টি বিষয়ে ১২ জন করে (৭টি বিভাগ ও ঢাকা মহানগরী) মোট ৯৬ জন জাতীয় পর্যায়ে অংশগ্রহণের সুযোগ পাবে। প্রতিটি পর্যায়ের বিজয়ীদেরকে সনদপত্র ও নগদ অর্থ পুরস্কার প্রদান করা হবে। জাতীয় পর্যায়ে ৩টি গ্রুপে ৪টি বিষয়ে মোট ১২ জনকে নগদ এক লক্ষ টাকা করে পুরস্কার প্রদান করা হবে। একজন শিক্ষার্থী সর্বাধিক ৩টি বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। ২০১৫ সালের এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার্থী এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।

প্রতিযোগিতার সময়সূচি :

| পর্যায় | তারিখ |
|---|---|
| উপজেলা পর্যায়ে | ০১/০৩/২০১৫ - ০৩/০৩/২০১৫ |
| জেলা পর্যায়ে | ০৭/০৩/২০১৫ - ০৯/০৩/২০১৫ |
| বিভাগীয় | ১২/০৩/২০১৫ - ১৫/০৩/২০১৫ |
| ঢাকা মহানগর পর্যায়ে | ১৬/০৩/২০১৫ - ১৯/০৩/২০১৫ |
| জাতীয় পর্যায়ে | ২৩/০৩/২০১৫ - ২৭/০৩/২০১৫ |

যোগাযোগের ঠিকানা :

| পর্যায় | কর্মকর্তা | আবেদন পত্র প্রাপ্তির ওয়েবসাইটের ঠিকানা |
|---|---|---|
| উপজেলা | উপজেলা নির্বাহী কর্মকর্তা/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | www.moedu.gov.bd<br>www.dshe.gov.bd |
| জেলা | জেলা প্রশাসক/ জেলা শিক্ষা অফিসার | www.dhakaeducationboard.gov.bd<br>www.rajshahieducationboard.gov.bd |
| বিভাগ | বিভাগীয় কমিশনার/উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা | www.comillaboard.gov.bd<br>www.bisejessore.gov.bd |
| ঢাকা মহানগর | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা | www.bisectg.gov.bd<br>www.bise-sylhet.gov.bd<br>www.barisalboard@gmail.com<br>www.dinajpureducationboard.gov.bd |
| জাতীয় পর্যায়ে | সচিব, শিক্ষা মন্ত্রণালয়/ পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | www.bmed.gov.bd<br>www.bteb.gov.bd |

সদস্য সচিব
প্রচারণা কমিটি
সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা -২০১৫
ফোন : ৯৫৫৬৮৪৮ (অফিস)
E-mail: ddphysical@gmail.com

জিডি-৩৮৩/১৫ (১০"×৩)